

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৪০০.৯৯.০১৮.২২.৫

তারিখ: ২০ পৌষ ১৪২৯

০৪ জানুয়ারি ২০২৩

বিষয়: প্রাবি ডবল শিফট পরিবর্তে সিঙ্গেল শিফট পাঠদান কার্যক্রম পরিচালনা সংক্রান্ত

সূত্র: প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং ৩৮.০০.০০০০.০০৮.৯৯.০০১.১৬.৩২৮; তারিখ: ১৫/১১২০২২খি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় থেকে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ডবল শিফটের পরিবর্তে সিঙ্গেল শিফটে শিখন-শেখানো কার্যক্রম পরিচালনার লক্ষ্যে কর্মপরিকল্পনা সংক্রান্ত পরিস্থিতি পত্রসহ নিম্নরূপ নির্দেশনাসমূহ প্রেরণ করা হয়েছে।

- (১) যে সকল বিদ্যালয়ে বর্তমানে পর্যাপ্ত সংখ্যক ব্যবহারযোগ্য শ্রেণীকক্ষ ও শিক্ষক রয়েছে, সে সকল বিদ্যালয়ে অবিলম্বে সিঙ্গেল শিফটে পাঠদান পরিচালনার ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- (২) যে সকল বিদ্যালয়ে পর্যাপ্ত শ্রেণীকক্ষ বা শিক্ষক নেই বা উভয়ক্ষেত্রেই ঘাটতি রয়েছে। এরূপ কাছাকাছি অবস্থিত (সর্বোচ্চ ১ কিলোমিটার দূরত্বের) দুইটি সরকারি প্রাথমিক বিদ্যালয়কে পাঠদানের ক্ষেত্রে একটি সমন্বিত কার্যক্রম চালু করতে হবে। এক্ষেত্রে গ্রহণযোগ্য দূরত্বের বিদ্যালয়সমূহের শিক্ষার্থী, শিক্ষকের সংখ্যা এবং বিদ্যালয়ের ব্যবহারযোগ্য শ্রেণীকক্ষের তথ্য বিশ্লেষণ করে পাশাপাশি দুইটি বিদ্যালয়ে দুইভাগ করে সিঙ্গেল শিফটে পাঠদান পরিচালনা করতে হবে।
- (৩) দুইটি বিদ্যালয়ের মাঝে শ্রেণি বিভাজনের ক্ষেত্রে প্রাক-প্রাথমিক থেকে দ্বিতীয় শ্রেণি পর্যন্ত একটি বিদ্যালয়ে এবং অন্যটিতে তৃতীয় শ্রেণি হতে পঞ্চম শ্রেণি পর্যন্ত পাঠদান কার্যক্রম পরিচালনার ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- (৪) স্থানীয় পর্যায়ে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন জনবলের মাধ্যমে সরেজমিনে পরিদর্শন করে সিঙ্গেল শিফট চালুর ব্যবস্থা গ্রহণ করতে হবে। এক্ষেত্রে প্রয়োজনে স্থানীয় প্রশাসনের সহায়তা নেয়া যেতে পারে।


নির্দেশনাসমূহ:

- (১) তার জেলায় যে সকল বিদ্যালয়ে পর্যাপ্ত সংখ্যক ব্যবহারযোগ্য শ্রেণীকক্ষ ও শিক্ষক রয়েছে, সে সকল বিদ্যালয়ে অবিলম্বে সিঙ্গেল শিফটে পাঠদান পরিচালনার ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- (২) তার জেলায় যে সকল বিদ্যালয়ে পর্যাপ্ত শ্রেণীকক্ষ বা শিক্ষক নেই বা উভয়ক্ষেত্রেই ঘাটতি রয়েছে। এরূপ কাছাকাছি অবস্থিত (সর্বোচ্চ ১ কিলোমিটার দূরত্বের) দুইটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের গ্রহণযোগ্য দূরত্বের বিদ্যালয়সমূহের শিক্ষার্থী, শিক্ষকের সংখ্যা এবং বিদ্যালয়ের ব্যবহারযোগ্য শ্রেণীকক্ষের তথ্য বিশ্লেষণ করে পাশাপাশি দুইটি বিদ্যালয়ে দুইভাগ করে সিঙ্গেল শিফটে পাঠদান চালুর সম্ভাব্যতা যাচাই করে বিস্তারিত তথ্যসহ (গাণিতিক ও বাস্তবতা) প্রতিবেদন নিম্নোক্ত ছক অনুসারে প্রেরণ করতে হবে।

ক্র: নং	কাছাকাছি অবস্থিত ২টি বিদ্যালয়ের নাম		কর্মরত শিক্ষক সংখ্যা		শ্রেণীকক্ষের সংখ্যা (শিক্ষক কক্ষ ব্যতীত)		ছাত্র- ছাত্রীর সংখ্যা		ভৌগলিক অবস্থান (প্রতি বন্ধকতা আছে কিনা)	দুটি বিদ্যালয়ের মধ্যবর্তী দূরত্ব	মন্তব্য
	(ক)	(খ)	(ক)	(খ)	(ক)	(খ)	(ক)	(খ)			

এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনার আলোকে বর্ণিত ছক মোতাবেক নিকোস ফন্টে ও এক্সেল ফরমেটে তথ্যআগামী ২২

জানুয়ারী ২০২৩ খ্রি: তারিখের মধ্যে (ইমেইল: dpeadbidda@gmail.com) প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



৪-১-২০২৩

নাসরিন সুলতানা

সহকারী পরিচালক

ফ্যাক্স: 02-9038122

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)


স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৪০০.৯৯.০১৮.২২.৫/১(১১)

তারিখ: ২০ পৌষ ১৪২৯

০৪ জানুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপসচিব, বিদ্যালয়-২ শাখা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ৩) উপপরিচালক, ঢাকা/খুলনা/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম
- ৪) শিক্ষা অফিসার, মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]



৪-১-২০২৩

নাসরিন সুলতানা

সহকারী পরিচালক